ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১০৫৩
খোয়াই, ৫ জুন, ২০২৫

**বিশ্ব পরিবেশ দিবসে খোয়াইয়ে বৃক্ষরোপন**

খোয়াই জেলা নির্বাচন আধিকারিকের কার্যালয়ের উদ্যোগে আজ এক অনুষ্ঠানের মধ্যদিয়ে বিশ্ব পরিবেশ দিবস উদযাপন করা হয়। কর্মসূচি অনুযায়ী জেলা প্রশাসনের ইভিএম ওয়ারহাউস ও ধলাবিল জেলাশাসকের রেসিডেন্সিয়াল কমপ্লেক্স প্রাঙ্গণে বিভিন্ন প্রজাতির বৃক্ষরোপন করেন জেলাশাসক রজত পন্থ, অতিরিক্ত জেলাশাসক অভেদানন্দ বৈদ্য, সিনিয়র ডেপুটি ম্যাজিস্ট্রেট শীর্ষেন্দু দেববর্মা, এইও কবিন্দ্র দেববর্মা, ডেপুটি কালেক্টর ননী দেববর্মা প্রমুখ। বৃক্ষরোপন শেষে জেলাশাসক শ্রী পন্থ বক্তব্য রাখতে গিয়ে বলেন, পরিবেশের ভারসাম্য রক্ষায় সবারই বৃক্ষরোপন করা উচিত।

*****